

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২ ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩১৯.২০১৭-২৪২৫

তারিখ ২৪ পৌষ, ১৪২৫।
২৪ ডিসেম্বর, ২০১৮।

বিষয়ঃ রিট পিটিশন নং ৭৬৯১/২০১৭ ও উহা থেকে উদ্ভূত Contempt Petition নং ৫৬৪/২০১৮ সরকার পক্ষে পরিচালনাসহ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলার সদ্য জাতীয়করণকৃত ৬টি বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ-তাদের চাকুরী জাতীয়করণের সময় সহকারী শিক্ষক পদে গেজেটভুক্ত করায় তারা প্রধান শিক্ষক পদে বহাল থাকা ও প্রধান শিক্ষকের বেতন স্কেল পাওয়ার দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৭৬৯১/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৮ জুন ২০১৭ তারিখে মহামান্য আদালত মামলা চলাকালীন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

“Pending hearing of the Rule, the respondents are directed to dispose of the application dated 21.05.2017 as evident from Annexure–E within 60 (sixty) days from the of date receipt of a copy of this order, in accordance with law.”

২। মহামান্য আদালতের অন্তর্বর্তীকালীন নির্দেশনা অনুযায়ী তাঁদের আবেদন নিষ্পত্তিকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে মামলার পিটিশনারগণ আদালতের অন্তর্বর্তীকালীন আদেশমতে তাঁদের সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি করার দাবী জানিয়ে সরকারের বিরুদ্ধে কনটেম্পট পিটিশন নং ৫৬৪/২০১৮ দায়ের করেছেন। কনটেম্পট পিটিশনের আর্জির কপি এখনও পাওয়া যায়নি, তবে আর্জির এক পাতার একটি রুলের ফটোকপি পাওয়া গিয়েছে।

৩। এমতাবস্থায়, মূল রিট মামলা সরকার পক্ষে পরিচালনাসহ কনটেম্পট পিটিশনের আর্জির কপি কোর্ট থেকে সংগ্রহপূর্বক এ বিষয়ে কনটেম্পটপনরণের পক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে জন্য ওকালতনামা, মূল মামলার আর্জি কপি, কনটেম্পট মামলার রুলের কপি ও আনুষংগিক রেকর্ডপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে...২৪... পাতা।


(মোঃ আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন কোষ)
পক্ষে- মহাপরিচালক

এ্যাডভোকেট শেখ শফিক মাহমুদ
প্যানেল এ্যাডভোকেট
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স
চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ নজরুল ইসলাম সরণী, ঢাকা।

স্মারক নং-৩৮.১১৪.০০৪.০৬.০১.৩১৯.২০১৭- ২৪২৫/২


তারিখ ২৪ পৌষ ১৪২৫।
২৪ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

১। সহকারী সচিব (আইন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন কোষ)